



ফিড দ্যা ফিউচার বাংলাদেশ অ্যাকোয়াকালচার অ্যাক্টিভিটি

অধিবেশন-৪: পুকুরে মাছের সম্পূরক খাদ্য প্রয়োগ



সঠিক পুকুর ব্যবস্থাপনা এবং পুষ্টি সমৃদ্ধ সম্পূরক খাদ্য প্রয়োগের ফলে অল্প সময়ে মাছ দ্রুত বৃদ্ধি পায় এবং বাজারজাত করা যায়।

মাছের দেহের ওজন এবং নির্ধারিত খাদ্য গ্রহণ মাত্রার উপর ভিত্তি করে প্রতিদিন ১০০ কেজি মাছের জন্য আকার ভেদে ১২ কেজি থেকে ২ কেজি সম্পূরক খাদ্য প্রয়োগ করুন।



টেবিল-১৪ বসতবাড়ীর পুকুরে কার্প জাতীয় মাছের খাদ্য তৈরির নমুনা

মাছের খাদ্য তৈরির উপকরণ	নমুনা-১ (গ্রাম)	নমুনা-২ (গ্রাম)
কুঁড়া (গ্রেড-এ)	৬০০	৬৯০
শুঁটকি গুঁড়া	-	৯৭০
সরিষার খৈল	৯০	-
সয়াবিন খৈল	২০০	১০০
আটা/ময়দা	১০০	১০০
লবণ	০৭	০৭
ভিটামিন	০৩	০৩
মোট খাদ্য (গ্রাম)	১০০০	১০০০
প্রোটিন (%)	২০-২১	২২-২৩

খৈল, কুঁড়া, ভুসি, শুঁটকি গুঁড়া ইত্যাদির সাথে পুষ্টিসমৃদ্ধ খাদ্য উপকরণ মিশিয়ে নিকটস্থ সেমি-অটোফিড মিল হতে; অথবা হাত দিয়ে উন্নত মানের মৎস্য খাদ্য তৈরি করুন। এতে খাদ্যের বর্ণ ও গন্ধ উন্নত হয় যা খাদ্য গ্রহণে মাছকে আকৃষ্ট করে।

পাশের টেবিলে লেখা উপকরণের মাধ্যমে সেমি-অটোফিড মিল হতে; অথবা হাত দিয়ে বসতবাড়ীর পুকুরের জন্য খাদ্য তৈরি করুন।

টেবিল-২৪ বাণিজ্যিক চাষে কার্প জাতীয় মাছের খাদ্য তৈরির নমুনা

মাছের খাদ্য তৈরির উপকরণ	নমুনা-১ (গ্রাম)	নমুনা-২ (গ্রাম)
কুঁড়া (গ্রেড-এ)	৫৫০	৬৯০
শুঁটকি গুঁড়া	১৭০	৯৭০
সরিষার খৈল	-	-
সয়াবিন খৈল	১৮০	১০০
আটা/ময়দা	৯০	১০০
লবণ	০৭	০৭
ভিটামিন	০৩	০৩
মোট খাদ্য (গ্রাম)	১০০০	১০০০
প্রোটিন (%)	২৪-২৬	২২-২৩



প্রতিদিন সকাল এবং বিকাল দুই বেলা ২ বার মাছের খাদ্য প্রয়োগ করুন। ১৫ দিন পরপর মাছের নমুনায়নের পরে প্রয়োজন অনুযায়ী মাছের খাদ্যের পরিমাণ সমন্বয় করুন।

কত কেজি খাদ্য প্রয়োগ করে কত কেজি মাছের ফলন হয়, এটি চাষির জন্য জানা দরকার।



১ কেজি কার্প জাতীয় মাছ উৎপাদনে কমপক্ষে ১.৫ কেজি খাদ্য প্রয়োজন। এই তুলনা থেকে মাছচাষি সহজেই লাভ-লোকসানের বিষয় জানতে পারবেন।

পুষ্টি সমৃদ্ধ মৎস্য খাদ্য উপকরণ (যেমন- প্রোটিন কনসেন্ট্রেট) খাদ্যের গুণগতমান সুস্বাদু করে এবং মাছের খাদ্য হজমে সহায়তা করে ফলে ওজন দ্রুত বৃদ্ধি পায়।



পরামর্শ: পুকুরে নিয়মিত এবং নির্ধারিত কয়েকটি স্থানে খাদ্য প্রয়োগ করুন।